

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৮৩
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“রাজধানীর আনাচে কানাচে গজিয়ে ভুইফোড় খাবার হোটেল ভিখারিরা হোটেল বয়, নিষ্ক্রিয় স্বাস্থ্য দপ্তর,” এই শিরোনামে গত ১৫ আগস্ট, ২০২৫ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া-এর পক্ষ থেকে দু’সদস্যক ফুড সেফটি অফিসারের পরিদর্শক দলের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে, ফুড সেফটি অফিসারগণ গত ১৭ আগস্ট, ২০২৫ তারিখে সন্দেহভাজন এলাকায় পরিদর্শন করেন। পরিদর্শনের সময় ফুড সেফটি টিম দেখতে পান যে, উক্ত প্রতিষ্ঠানটি কোনও ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া-এর লাইসেন্স/ রেজিস্ট্রেশন ছাড়াই পরিচালিত হচ্ছিল। ফুড সেফটি ও স্ট্যান্ডার্ডস অ্যাক্ট, ২০০৬ অনুযায়ী অবিলম্বে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া-এর লাইসেন্স/ রেজিস্ট্রেশনের জন্য আবেদন করার নির্দেশ প্রদান করা হয়। এছাড়াও, প্রতিষ্ঠানটির খাদ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পর্যবেক্ষণ করেন এবং তাদেরকে ফুড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম অনুসরণ করার নির্দেশ দেন। একইসঙ্গে, শাকাহারী ও আমিষ খাদ্যদ্রব্য পৃথকভাবে সংরক্ষণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়। ফুড সেফটি অফিসারগণ উক্ত প্রতিষ্ঠান থেকে খাদ্য নমুনা সংগ্রহ করেন এবং তা পরীক্ষার জন্য আগরতলার এজিএমসি-তে অবস্থিত মাইক্রোবায়োলজিক্যাল ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়, যাতে খাদ্যের গুণগতমান যাচাই করা যায়। প্রতিষ্ঠানে ব্যবহৃত ডাস্টবিনসমূহ খোলা অবস্থায় পাওয়া গেছে। ডাস্টবিনে ঢাকনা ব্যবহার নিশ্চিত করার জন্য তাদের নির্দেশ প্রদান করা হয়েছে।
